# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
**মতিঝিল, ঢাকা-১০০০**
**বাংলাদেশ।**
www.bb.org.bd

**আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ**

**ডিএফআইএম সার্কুলার নং-০২**

**তারিখঃ ২৯ ফাল্গুন ১৪৩০**
**১৩ মার্চ ২০২৪**

**চেয়ারম্যান, পরিচালক পর্ষদ ও**
**প্রধান নির্বাহী কর্মকর্তা/ব্যবস্থাপনা পরিচালক**
**বাংলাদেশে কার্যরত সকল ফাইন্যান্স কোম্পানি।**

**প্রিয় মহোদয়,**

**ফাইন্যান্স কোম্পানিতে "স্বতন্ত্র পরিচালক" নিয়োগ এবং তাঁদের দায়িত্ব, কর্তব্য ও সম্মানি প্রসঙ্গে।**

ফাইন্যান্স কোম্পানি ও আমানতকারীদের স্বার্থ রক্ষার্থে স্বতন্ত্র পরিচালকের দায়-দায়িত্ব অপরাপর পরিচালকদের তুলনায় অধিক গুরুত্বপূর্ণ। ফলে, উপযুক্ত ও পেশাগতভাবে দক্ষ ব্যক্তিবর্গকে ফাইন্যান্স কোম্পানির পরিচালক পর্ষদে স্বতন্ত্র পরিচালক হিসেবে নিযুক্ত করা আবশ্যক। বর্ণিত উদ্দেশ্যে ফাইন্যান্স কোম্পানির স্বতন্ত্র পরিচালক নিয়োগ এবং তাঁর/তাঁদের দায়-দায়িত্ব ও ক্ষমতা নির্ধারণে ফাইন্যান্স কোম্পানিসমূহ কর্তৃক অনুসরণীয় নীতিমালা নিম্নে প্রদত্ত হলোঃ

২। **স্বতন্ত্র পরিচালকের সংজ্ঞাঃ** ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ধারা ১৪ এর ব্যাখ্যা অনুযায়ী, "স্বতন্ত্র পরিচালক" বলতে "এইরূপ ব্যক্তিকে বুঝাইবে যিনি ফাইন্যান্স কোম্পানির ব্যবস্থাপনা ও শেয়ারধারক হইতে স্বাধীন এবং যিনি কেবল ফাইন্যান্স কোম্পানির স্বার্থে স্বীয় মতামত প্রদান করিবেন এবং ফাইন্যান্স কোম্পানির সহিত কিংবা ফাইন্যান্স কোম্পানি সংশ্লিষ্ট কোনো ব্যক্তির সহিত যাহার অতীত, বর্তমান বা ভবিষ্যত কোন প্রকৃত স্বার্থ কিংবা দৃশ্যমান স্বার্থের বিষয় জড়িত নাই।"

৩। **স্বতন্ত্র পরিচালকের সংখ্যাঃ** ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ধারা ১৪ মোতাবেক, "আপাতত বলবৎ অন্য কোন আইন অথবা কোনো ফাইন্যান্স কোম্পানির সংঘ-স্মারক বা সংঘবিধিতে যাহা কিছুই থাকুক না কেন, অন্যূন ২(দুই) জন স্বতন্ত্র পরিচালকসহ কোন ফাইন্যান্স কোম্পানিতে সর্বোচ্চ ১৫(পনেরো) জন পরিচালক থাকিবেন।"

৪। **স্বতন্ত্র পরিচালকগণের অভিজ্ঞতা ও উপযুক্ততাঃ**

ক) স্বতন্ত্র পরিচালক হিসেবে নিযুক্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তির ন্যূনতম ১০(দশ) বছরের ব্যবস্থাপনা বা ব্যবসায়িক বা পেশাগত অভিজ্ঞতা থাকতে হবে।

খ) স্বতন্ত্র পরিচালক হিসেবে দায়িত্ব পালনের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তির ন্যূনতম বয়স ৪৫(পঁয়তাল্লিশ) বছর এবং সর্বোচ্চ বয়স হবে ৭৫(পঁচাত্তর) বছর।

গ) তাঁকে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অর্থনীতি, ব্যাংকিং, ফিন্যান্স, ব্যবসায় প্রশাসন, আইন, হিসাববিজ্ঞান বিষয়ের স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে।

ঘ) সরকারি বা বেসরকারি বা স্বায়ত্তশাসিত বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় শিক্ষা অনুষদ বা ব্যবসায় প্রশাসন, ব্যবস্থাপনা, আইন ও তথ্য প্রযুক্তি বিষয়ে অভিজ্ঞ শিক্ষক, আইন পেশায় নিয়োজিত ব্যক্তি, হিসাব পেশায় নিয়োজিত হিসাববিজ্ঞান বিষয়ে প্রফেশনাল ডিগ্রিধারী ব্যক্তি, অভিজ্ঞ ব্যাংকার, বাণিজ্য মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও অর্থ বিভাগ, শিল্প মন্ত্রণালয় ও আইন মন্ত্রণালয়ের অভিজ্ঞ কর্মকর্তাগণকে অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনা করা যাবে।

ঙ) কোনো ফাইন্যান্স কোম্পানি বা ফাইন্যান্স কোম্পানি সংশ্লিষ্ট ব্যক্তির সাথে অতীত, বর্তমান ও ভবিষ্যৎ কোনো প্রকৃত স্বার্থ কিংবা দৃশ্যমান স্বার্থের বিষয়ে জড়িত কোনো ব্যক্তি উক্ত ফাইন্যান্স কোম্পানির স্বতন্ত্র পরিচালক হতে পারবেন না।

চ) ফাইন্যান্স কোম্পানিতে স্বতন্ত্র পরিচালক হিসেবে নিয়োগের জন্য মনোনীত ব্যক্তির পরিবারের কোনো সদস্য সংশ্লিষ্ট ফাইন্যান্স কোম্পানির শেয়ার ধারণ করতে পারবেন না এবং উক্ত ফাইন্যান্স কোম্পানির কোনো লাভজনক পদে নিয়োজিত থাকতে পারবেন না।

ছ) স্বতন্ত্র পরিচালক হিসেবে মনোনীত কোনো ব্যক্তি অন্য কোনো ফাইন্যান্স কোম্পানি, ব্যাংক-কোম্পানী, বীমা কোম্পানী বা উক্তরূপ কোম্পানীসমূহের কোনো সাবসিডিয়ারি কোম্পানীর পক্ষে পরিচালক হিসেবে নিযুক্ত থাকতে পারবেন না। তাছাড়াও মনোনীত স্বতন্ত্র পরিচালক এরূপ কোনো কোম্পানী বা প্রতিষ্ঠান যা উক্ত ফাইন্যান্স কোম্পানি, ব্যাংক-কোম্পানী বা বীমা কোম্পানীর উপর নিয়ন্ত্রণ, যৌথ নিয়ন্ত্রণ বা উল্লেখযোগ্য প্রভাব বিস্তার করে এরূপ কোম্পানী বা প্রতিষ্ঠানের পক্ষে পরিচালক হিসেবে দায়িত্ব পালন করতে পারবেন না।

জ) মনোনীত স্বতন্ত্র পরিচালক ফৌজদারী কোনো অপরাধে দণ্ডিত হননি কিংবা জাল-জালিয়াতি, আর্থিক অপরাধ বা অন্যবিধ অবৈধ কর্মকাণ্ডের সাথে জড়িত নেই বা ছিলেন না।

ঝ) মনোনীত স্বতন্ত্র পরিচালক সম্পর্কে কোনো দেওয়ানী বা ফৌজদারী মামলায় আদালতের রায়ে কোনোরূপ বিরূপ পর্যবেক্ষণ বা মন্তব্য নেই।

ঞ) মনোনীত স্বতন্ত্র পরিচালক ফাইন্যান্স কোম্পানি বা ব্যাংকিং বা স্বীয় পেশায় দায়িত্ব পালনকালে কোনোরূপ অবৈধ কর্মকাণ্ডে জড়িত ছিলেন না।

ট) মনোনীত স্বতন্ত্র পরিচালক কোনো পাওনাদারের প্রাপ্য পরিশোধ বন্ধ করেননি কিংবা পাওনাদারের সাথে আপোস রফার মাধ্যমে পাওনা আদায় হতে অব্যাহতি লাভ করেননি বা তিনি ঋণ খেলাপী নন।

ঠ) মনোনীত স্বতন্ত্র পরিচালক কর খেলাপী নন।

ড) মনোনীত স্বতন্ত্র পরিচালক কোনো সময় আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হননি।

ঢ) কোনো ফাইন্যান্স কোম্পানি বা ব্যাংক কোম্পানী কর্তৃক ইচ্ছাকৃত খেলাপী ঋণ গ্রহীতা হিসেবে তালিকাভুক্ত ব্যক্তি উক্ত তালিকা হতে অব্যাহতি প্রাপ্তির ৫(পাঁচ) বছর অতিবাহিত না হওয়া পর্যন্ত কোনো ফাইন্যান্স কোম্পানির পরিচালক হওয়ার যোগ্য হবেন না।

ণ) মনোনীত স্বতন্ত্র পরিচালক আর্থিক খাত সংশ্লিষ্ট কোনো নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের বিধিমালা, প্রবিধান, নীতিমালা বা নিয়মাচার লঙ্ঘনজনিত কারণে দণ্ডিত হননি।

ত) মনোনীত স্বতন্ত্র পরিচালক এমন কোনো কোম্পানী/প্রতিষ্ঠানের মালিকানার সাথে যুক্ত ছিলেন না, যার নিবন্ধন/লাইসেন্স বাতিল করা হয়েছে বা প্রতিষ্ঠানটি অবসায়িত হয়েছে।

৫। **আর্থিক সুবিধাদি:** ফাইন্যান্স কোম্পানির স্বতন্ত্র পরিচালক হিসেবে দায়িত্ব পালনকারী ব্যক্তি নিম্নরূপ আর্থিক ও অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন:

ক) স্বতন্ত্র পরিচালকগণ ফাইন্যান্স কোম্পানির নিজস্ব সক্ষমতা বিবেচনায় প্রতি মাসে স্থায়ী সম্মানী বাবদ সর্বোচ্চ ৫০,০০০ টাকা (প্রযোজ্য কর কর্তন সাপেক্ষে) প্রাপ্য হবেন।

খ) ফাইন্যান্স কোম্পানির পর্ষদ বা সহায়ক কমিটির প্রতিটি সভায় উপস্থিতির জন্য সম্মানী হিসেবে সর্বোচ্চ ১০,০০০ টাকা (প্রযোজ্য কর কর্তন সাপেক্ষে) প্রাপ্য হবেন।

গ) কোনো মাসে ফাইন্যান্স কোম্পানির পর্ষদ ও অন্যান্য কমিটির যত সংখ্যক সভাই অনুষ্ঠিত হোক না কেন, প্রতি মাসে পরিচালকগণ পরিচালক পর্ষদের ২(দুই)টি সভা, নির্বাহী কমিটির ২(দুই)টি সভা, অডিট কমিটির ১(এক)টি সভা ও ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির ১(এক)টি সভায় উপস্থিতির জন্য সভা প্রতি নির্ধারিত সম্মানী প্রাপ্য হবেন।

ঘ) ফাইন্যান্স কোম্পানির পর্ষদ বা সহায়ক কমিটির সভায় অংশগ্রহণের জন্য দেশের অভ্যন্তরে অন্য কোনো বিভাগীয়/জেলা শহর থেকে প্রধান কার্যালয়ে/সভাস্থলে আসা যাওয়ার জন্য সর্বোচ্চ ২(দুই) দিনের জন্য হোটেলে অবস্থান ও ভ্রমণ ব্যয় প্রাপ্য হবেন।

ঙ) সংশ্লিষ্ট পরিচালককে ভ্রমণ খরচ ও হোটেলে অবস্থান বিলের অর্থ পরিশোধের ক্ষেত্রে প্রকৃত খরচের রসিদ (যেমন- ভ্রমণ টিকেট, বিমানের টিকেট, হোটেলে অবস্থানের বিল পরিশোধের রসিদ/ভাউচার ইত্যাদি) দাখিল করতে হবে এবং দাখিলকৃত প্রমাণাদি ফাইন্যান্স কোম্পানি কর্তৃক সংরক্ষণ করতে হবে।

৬। **স্বতন্ত্র পরিচালকের দায়িত্ব, কর্তব্য ও জবাবদিহিতা:**

ক) তিনি ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এবং সংশ্লিষ্ট অন্যান্য আইন ও বিধি-বিধানের যথাযথ পরিপালন নিশ্চিত করবেন।

খ) ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ বা অন্য কোনো আইন বা বিধি পরিচালনা পর্ষদ কর্তৃক লঙ্ঘন বিষয়ক যে কোনো তথ্য তিনি বাংলাদেশ ব্যাংককে যথাযথভাবে অবহিত করবেন।

গ) তিনি পর্ষদ সভায় অংশগ্রহণ করবেন এবং পর্ষদ সভায় উত্থাপিত এজেন্ডাসমূহের বিষয়ে সুচিন্তিত মতামত প্রদান করবেন। স্বতন্ত্র পরিচালক কর্তৃক কোনো স্মারক উত্থাপন করা হলে পরিচালক পর্ষদকে তা গুরুত্ব সহকারে বিবেচনা করতে হবে।

ঘ) ডিএফআইএম সার্কুলার নং-০১, তারিখ: ২৯ ফেব্রুয়ারি ২০২৪ অনুযায়ী তিনি পরিচালক পর্ষদের অন্য কোনো সহায়ক কমিটিতে অন্তর্ভুক্ত হলে উক্ত সার্কুলারে উল্লিখিত কমিটিগুলোর সদস্যদের দায়িত্ব, কর্তব্য ও নির্দেশনাসমূহ তিনি নিষ্ঠার সাথে যথাযথভাবে পরিপালন করবেন।

ঙ) পর্ষদ বা পর্ষদের বিভিন্ন সহায়ক কমিটিতে স্বতন্ত্র পরিচালকের মতামতকে যথাযথ গুরুত্ব প্রদান করা না হলে অথবা ফাইন্যান্স কোম্পানির পরিচালনায় যে কোনো ধরনের অসংগতি পরিলক্ষিত হলে তিনি বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগকে তা লিখিতভাবে অবহিত করবেন।

চ) বাংলাদেশ ব্যাংক কর্তৃক পরিচালিত কোনো পরিদর্শনে স্বতন্ত্র পরিচালকের বিরুদ্ধে কোনো অভিযোগ প্রমাণিত হলে বা দায়িত্বে অবহেলা জনিত বিরূপ পর্যবেক্ষণ পাওয়া গেলে তাঁর বিরুদ্ধে ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

ছ) স্বতন্ত্র পরিচালক হতে ফাইন্যান্স কোম্পানির নিরীক্ষা কমিটির চেয়ারম্যান/সভাপতি নির্বাচন করতে হবে। নিরীক্ষা কমিটির চেয়ারম্যান/সভাপতির মেয়াদ হবে ৩(তিন) বছর। কোনো স্বতন্ত্র পরিচালক পরপর দুই মেয়াদে নিরীক্ষা কমিটির চেয়ারম্যান/সভাপতি পদে দায়িত্ব পালন করতে পারবেন না।

জ) স্বতন্ত্র পরিচালকগণের মধ্য হতে ন্যূনতম ১(এক) জন পরিচালক পর্ষদের নির্বাহী কমিটিতে অন্তর্ভুক্ত হবেন।

ঝ) স্বতন্ত্র পরিচালকগণ আমানতকারী ও সাধারণ শেয়ারহোল্ডারগণের(পরিচালক ব্যতীত) স্বার্থ সংরক্ষণে সর্বদা সচেষ্ট থাকবেন।

৭। **স্বতন্ত্র পরিচালক পদের মেয়াদ ও অপসারণ:**

ক) সাধারণভাবে স্বতন্ত্র পরিচালকগণ ৩(তিন) বছর মেয়াদের জন্য নিযুক্ত হবেন এবং মেয়াদ শেষে ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ১৫ ও ১৬ ধারার বিধান সাপেক্ষে পরবর্তী মেয়াদে নিয়োগের জন্য নির্বাচিত হতে পারবেন।

খ) সুনির্দিষ্ট কারণ উল্লেখপূর্বক পরিচালক পর্ষদ সংশ্লিষ্ট স্বতন্ত্র পরিচালককে অপসারণের জন্য বাংলাদেশ ব্যাংকে অনুরোধ করতে পারবে।

গ) স্বতন্ত্র পরিচালক নিজে ৭(সাত) দিনের নোটিশ প্রদান করে স্বতন্ত্র পরিচালক পদ হতে পদত্যাগ করতে পারবেন।

ঘ) বাংলাদেশ ব্যাংক সুনির্দিষ্ট কারণ উল্লেখপূর্বক যে কোনো স্বতন্ত্র পরিচালককে অপসারণ করতে পারবে।

৮। **স্বতন্ত্র পরিচালক নিযুক্তির ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন:** ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ধারা ১৫ এর উপধারা (১১) এর বিধান অনুযায়ী স্বতন্ত্র পরিচালক নিযুক্তি/পুনঃনিযুক্তির জন্য বাংলাদেশ ব্যাংক এর লিখিত পূর্বানুমোদন গ্রহণ করতে হবে। এরূপ পূর্বানুমোদন গ্রহণের নিমিত্তে ফাইন্যান্স কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রস্তাবের সাথে সংশ্লিষ্ট ব্যক্তি/ব্যক্তিবর্গের পূর্ণ জীবনবৃত্তান্ত, সংশ্লিষ্ট প্রত্যয়নপত্র এবং পর্ষদের অনুমোদনের অনুলিপি বাংলাদেশ ব্যাংকে দাখিল করতে হবে। উক্ত পদের জন্য মনোনীত ব্যক্তিকে 'পরিশিষ্ট-ক', 'পরিশিষ্ট-খ', 'পরিশিষ্ট-গ' ও 'পরিশিষ্ট-ঘ' অনুযায়ী ঘোষণাপত্র এবং এতদ্‌সংযুক্ত Enquiry Form 1 & 2 ও Undertaking Form বাংলাদেশ ব্যাংকে দাখিল করতে হবে। ফাইন্যান্স কোম্পানি কর্তৃক প্রস্তাবিত ব্যক্তি/ব্যক্তিবর্গের অভিজ্ঞতা ও উপযুক্ততা যাচাই বাছাইপূর্বক প্রয়োজনে বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগের দায়িত্বপ্রাপ্ত ডেপুটি গভর্নর এর নেতৃত্বে গঠিত কমিটিতে সাক্ষাৎকার গ্রহণের মাধ্যমে বাংলাদেশ ব্যাংক প্রয়োজনীয় সংখ্যক স্বতন্ত্র পরিচালক নিয়োগের অনুমোদন প্রদান করবে।

৯। ডিএফআইএম সার্কুলার নং- ০১, তারিখ: ২৯ ফেব্রুয়ারি ২০২৪ এ পরিচালক নিয়োগ বিষয়ে বর্ণিত অন্যান্য সংশ্লিষ্ট নির্দেশনা স্বতন্ত্র পরিচালক নিয়োগের ক্ষেত্রেও প্রযোজ্য হবে।

১০। এ সার্কুলার জারির পূর্বে যে সকল ব্যক্তি স্বতন্ত্র পরিচালক হিসেবে নিয়োগপ্রাপ্ত হয়েছেন তাঁদের নিয়োগের মেয়াদ পূর্ণ না হওয়া পর্যন্ত তাঁরা স্বতন্ত্র পরিচালক হিসেবে স্ব স্ব দায়িত্ব পালন করতে পারবেন।

১১। ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ১৪, ১৫ ও ৪১ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো। ফাইন্যান্স কোম্পানির পরিচালকগণের অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণার্থে আগামী ২(দুই) মাসের মধ্যে এ সার্কুলারে বর্ণিত বিষয়ে একটি স্বয়ংসম্পূর্ণ কার্যপত্র পর্ষদ সভায় উপস্থাপন করতে হবে। এতদ্‌ব্যতীত, ফাইন্যান্স কোম্পানির অন্যান্য সকল কর্মকর্তাদের নজরে আনয়নের ব্যবস্থা করতে হবে।

১২। এ সার্কুলারে বর্ণিত নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনী: বর্ণনা মোতাবেক।

**(মোঃ আসাদুজ্জামান খান)**
পরিচালক (ডিএফআইএম)
ফোনঃ ৯৫৩০১৭৮।

## স্বতন্ত্র পরিচালক পদে নিয়ুক্তির জন্য মনোনীত/নির্বাচিত/পুনঃনির্বাচিত ব্যক্তি সম্পর্কীয় তথ্যাবলী

১। নাম :

২। পিতার নাম :

৩। মাতার নাম :

৪। জাতীয়তা :

৫। (ক) জন্মতারিখ : (খ) জন্মস্থান :

৬। পূর্ণ ঠিকানা : (ক) স্থায়ী ঠিকানা (টেলিফোন নম্বরসহ) : (খ) বর্তমান ঠিকানা (টেলিফোন নম্বরসহ) :

৭। জাতীয় পরিচয়পত্র নম্বর :

৮। টিআইএন নম্বর :

৯। বৈবাহিক অবস্থা : (ক) বিবাহিত হলে স্বামী/স্ত্রীর নাম:

(খ) স্বামী/স্ত্রীর পেশা : (গ) স্বামী/স্ত্রীর জাতীয়তা :

(ঘ) স্বামী/স্ত্রীর এনআইডি:

১০। পরিবারের সদস্য (স্ত্রী/স্বামী, পিতা, মাতা, পুত্র, কন্যা, ভাই, বোন এবং নির্ভরশীল ব্যক্তি):

| নাম | সম্পর্ক | জন্ম তারিখ | কোনো ব্যাংক/ফাইন্যান্স কোম্পানির পরিচালক হলে তাঁর নাম ও ঠিকানা |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |

১১। শিক্ষাগত যোগ্যতা : (ক) প্রাতিষ্ঠানিক শিক্ষা : (খ) পেশাগত/কারিগরী শিক্ষা :

(গ) ট্রেনিং/সেমিনার :

১২। বর্তমান পেশার বিবরণ:

(ক) প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা : (খ) ব্যবসায়ের প্রকৃতি :

(গ) পদবী : (ঘ) ফোন নম্বর :

১৩। অভিজ্ঞতার বর্ণনা :

| প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | দায়িত্ব পালনের সময়কাল (যোগদানের তারিখ-সময়কাল সমাপ্তি পর্যন্ত) | পদবী | দায়-দায়িত্ব |
|---|---|---|---|
| | | | |
| | | | |

১৪। স্বতন্ত্র পরিচালকের নিজ, পারিবারিক ও স্বার্থসংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিবরণ:

| প্রতিষ্ঠানের নাম | গঠন প্রকৃতি (ব্যক্তি মালিকানাধীন/অংশীদারী/ প্রাইভেট কোম্পানি /পাবলিক কোম্পানি/অন্যান্য) | ব্যবসায়ের ধরণ/প্রকৃতি | মালিকানার ধরণ | মালিকানার শতকরা হার | স্বতন্ত্র পরিচালকের সম্পৃক্ততার বিবরণ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |

১৫। স্বতন্ত্র পরিচালক হিসেবে অধিষ্ঠিত থাকার সময়কাল (প্রথম নিয়োগের তারিখ হতে সর্বশেষ নিয়োগ/পুনঃনিয়োগের তারিখ পর্যন্ত):

১৬। বিরতিকাল (ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ১৬ ধারা অনুযায়ী) :

১৭। ব্যক্তিগত, পারিবারিক বা স্বার্থসংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অনুকূলে ফাইন্যান্স কোম্পানি/ব্যাংক/অন্য কোনো উৎস হতে কোনো ঋণ সুবিধা নেয়া হয়েছে কি না? নেয়া হলে ফাইন্যান্স কোম্পানি/ব্যাংক/অন্য উৎসের নাম ও ঋণের পরিমাণ (সুদ ও আসলসহ):

স্বাক্ষর :

তারিখ ও নাম :

## ঘোষণাপত্র

১) আমি এতদ্বারা ঘোষণা করছি যে- ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ১৫ ধারায় বর্ণিত যোগ্যতা ও উপযুক্ততা, অন্যান্য বিধানাবলী এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক ২৯ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে জারিকৃত ডিএফআইএম সার্কুলার নং-০১ এ বর্ণিত বিধান অনুযায়ী আমি ফাইন্যান্স কোম্পানির স্বতন্ত্র পরিচালক হিসেবে নিযুক্ত হওয়ার যোগ্য। আমি আরও ঘোষণা করছি যে-

ক) আমার অন্যূন ১০ (দশ) বছরের ব্যবস্থাপনা বা ব্যবসায়িক বা পেশাগত অভিজ্ঞতা রয়েছে;

খ) আমি কোনো আদালত কর্তৃক ফৌজদারী অপরাধে দণ্ডিত হইনি কিংবা কোনো জাল-জালিয়াতি, আর্থিক অপরাধ বা অন্যবিধ অবৈধ কর্মকাণ্ডের সাথে জড়িত ছিলাম না বা জড়িত নই;

গ) কোনো দেওয়ানী বা ফৌজদারী মামলায় আমার সম্পর্কে আদালতের রায়ে কোনো বিরূপ পর্যবেক্ষণ/মন্তব্য নেই;

ঘ) আমি কখনো আর্থিক খাত সংশ্লিষ্ট কোনো নিয়ন্ত্রক সংস্থার বিধিমালা, প্রবিধান বা নিয়ামাচার লংঘনজনিত কারণে দণ্ডিত হইনি;

ঙ) আমি এমন কোনো কোম্পানি/প্রতিষ্ঠানের সাথে যুক্ত ছিলাম না, যার নিবন্ধন/লাইসেন্স বাতিল করা হয়েছে বা প্রতিষ্ঠানটি অবসায়িত হয়েছে;

চ) আমার নিজের কিংবা স্বার্থসংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নামে কোনো ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের সাথে কোনো খেলাপী ঋণ নেই;

ছ) আমি কখনো কোনো আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হইনি;

জ) আমি অন্য কোনো ব্যাংক-কোম্পানি, ফাইন্যান্স কোম্পানি, বীমা কোম্পানী বা উক্তরূপ কোম্পানিসমূহের কোন সাবসিডিয়ারী কোম্পানির পরিচালক, উপদেষ্টা, পরামর্শক বা অন্য কোনভাবে লাভজনক পদের দায়িত্বে নিয়োজিত নই;

ঝ) আমি---------------- পিএলসি/লিমিটেড এর বহিঃহিসাব নিরীক্ষক, আইন উপদেষ্টা, উপদেষ্টা, পরামর্শক বা অন্য কোনভাবে লাভজনক পদের দায়িত্বে নিয়োজিত নই;

ঞ) আমাকে কখনো কোনো কোম্পানি বিশেষতঃ ফাইন্যান্স কোম্পানি বা ব্যাংকের প্রধান নির্বাহী, চেয়ারম্যান বা পরিচালক পদ হতে অপসারণ করা হয়নি কিংবা পদ শূন্য করা হয়নি;

ট) আমি ব্যক্তিগতভাবে অথবা আমার ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠান অথবা অংশীদারী প্রতিষ্ঠানের জন্য কর খেলাপী নই;

ঠ) আমার পরিবারের কোনো সদস্য ফাইন্যান্স কোম্পানিটির শেয়ার ধারণ করেন না এবং কোনো লাভজনক পদে নিয়োজিত নন।

ড) আমি বাংলাদেশ ব্যাংকের নীতিমালা অনুযায়ী স্বতন্ত্র পরিচালক হিসেবে নিযুক্ত হওয়ার যোগ্য।

২) কোম্পানী আইন, ১৯৯৪ এর ৯৩ ধারা অনুযায়ী আমি এ মর্মে ঘোষণা করছি যে, আমাকে ----------------ফাইন্যান্স পিএলসি/লিমিটেড এর স্বতন্ত্র পরিচালক হিসেবে নিয়োগ করা হলে আমি এ দায়িত্ব পালনে সম্মত আছি।

স্বাক্ষর :

তারিখ ও নাম :

সাক্ষী (ফাইন্যান্স কোম্পানির কর্মকর্তা) :

১. স্বাক্ষর :
নাম :
পদবী :
ঠিকানা :

২. স্বাক্ষর :
নাম :
পদবী :
ঠিকানা :

<u>পরিশিষ্ট-গ</u>

**গোপনীয়তা রক্ষার ঘোষণাপত্র**

আমি, নিম্নস্বাক্ষরকারী এ মর্মে নিশ্চয়তা প্রদান করছি যে, ------------------ ফাইন্যান্স পিএলসি/লিমিটেড এর স্বতন্ত্র পরিচালক হিসেবে নিযুক্ত হলে, পরিচালক হিসেবে দায়িত্ব পালনকালে আমার বিবেচনার্থে উপস্থাপিত কোনো বিষয় অথবা পরিচালক হিসেবে আমার গোচরীভূত কোনো বিষয় প্রত্যক্ষ অথবা পরোক্ষভাবে কোনো ব্যক্তির নিকট প্রকাশ করবো না। তবে, আমার দায়িত্ব পালনের জন্য আবশ্যক হলে অথবা প্রচলিত আইনের বিধান অনুযায়ী বাধ্য হলে অথবা পর্ষদ কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত হলেই কেবল তা প্রকাশ করবো।

স্বাক্ষর :

তারিখ ও নাম :

সাক্ষী (ফাইন্যান্স কোম্পানির কর্মকর্তা) :

৩. স্বাক্ষর :
নাম :
পদবী :
ঠিকানা :

৪. স্বাক্ষর :
নাম :
পদবী :
ঠিকানা :

## স্বতন্ত্র পরিচালক হিসেবে মনোনীত প্রার্থীর ঘোষণাপত্র

নিম্নস্বাক্ষরকারী ঘোষণা করছি যে, আমি ------------------ ফাইন্যান্স পিএলসি/লিমিটেড এর ব্যবস্থাপনার সাথে যুক্ত নই এবং উক্ত ফাইন্যান্স কোম্পানির কোনো শেয়ার ধারণ করি না। আমি কেবল ফাইন্যান্স কোম্পানির স্বার্থে স্বীয় মতামত প্রদান করবো। আরও ঘোষণা করছি যে, আমার উক্ত ফাইন্যান্স কোম্পানির সাথে কিংবা ফাইন্যান্স কোম্পানি সংশ্লিষ্ট কোনো ব্যক্তির সাথে অতীত, বর্তমান বা ভবিষ্যৎ কোনো প্রকৃত স্বার্থ কিংবা দৃশ্যমান স্বার্থের বিষয় জড়িত নেই বা থাকবে না।

স্বাক্ষর :

তারিখ ও নাম :

সাক্ষী (ফাইন্যান্স কোম্পানির কর্মকর্তা) :

৫. স্বাক্ষর :
নাম :
পদবী :
ঠিকানা :

৬. স্বাক্ষর :
নাম :
পদবী :
ঠিকানা :

**<u>Enquiry Form-1</u>**
**(For Individual)**

<u>Individual data</u>

| | |
|---|---|
| 1. Title : | Name* : |

| | |
|---|---|
| 2. Father's title : | Father's Name : |

| | |
|---|---|
| 3. Mother's Title : | Mother's Name : |

| | |
|---|---|
| 4. Spouse's Title : | Spouse's Name : |

| | |
|---|---|
| 5. National ID Number* (10/17 digits) | 6.TIN : |

| | |
|---|---|
| 7. Date of birth (dd/mm/yyyy)* : | 8.Gender* : |

| | |
|---|---|
| 9.District of birth : | 10.Country of birth* : |

11. Main (Permanent) address:
Street no./Street name/Village/PS/Upazilla*

| |
|---|
| |

| District* | Postal Code | Country* |
|---|---|---|
| | | |

12. Additional (Present) address:
Street no./Street name/Village/PS/Upazilla

| |
|---|
| |

| District | Postal Code | Country |
|---|---|---|
| | | |

13. Identification document data:
ID type (Passport/Driving License/Commissioner Certificate)

| | |
|---|---|
| | |

| ID issue date (dd/mm/yyyy) : | ID issue country: |
|---|---|
| | |

| |
|---|
| 14. Telephone Number: |

*** Indicates mandatory information to be provided.**
1. If Country of birth (SL 10) is Bangladesh then NID no (SL 05) is Mandatory.
2. If Country of birth (SL 10) is other than Bangladesh then Passport Information (SL 13) is Mandatory.

## Enquiry Form-2

**(For Proprietorship/Partnership/Limited or any other Company)**

Company data

| | |
|---|---|
| 1. Title | Trade Name* |
| 2. Legal form** | 3. TIN |

4. Company's main (Permanent) address:
Street no. /Street name/Village/PS/Upazilla*

| |
|---|
| |

| District* | Postal Code | Country* |
|---|---|---|
| | | |

5. Additional (Business) address:
Street no./Street name/Village/PS/Upazilla*

| |
|---|
| |

| District Postal | Code | Country |
|---|---|---|
| | | |

6. Telephone number

| |
|---|
| |

* Indicates mandatory information to be provided.

** Indicates form of a company like Proprietorship, Partnership, Public Limited, Private Limited, Corporation etc.

# Undertaking

To
The Manager
…………………….
…………………….
…………………….

Subject: Provision of information on the ownership of companies and their bank liabilities.

Dear Sir,
I, ………………………………owner/partner/director/guarantor of ................................, am applying for sanctioning/renewal/rescheduling of a loan in my own name/ aforementioned company's name. My father's name:……………………….., mother's name:……………………, husband's name(in case of married woman):…………………………., Permanent address: Street No/Village.………… Street Name/PS/Upazilla…………………District……………………………………………..Postal code………………………………… Country……………Business address: Street No/Village.………… Street Name/PS/Upazilla …………………District……………Postal code………country…………….., Date of Birth:……………., District of Birth:……………., Country of Birth:……………., National ID Number:……………….., Other ID documents(Passport/Driving license /Birth Registration Certificate): ID number…………ID issue date……………ID issue country……………….., TIN:……………………………., Gender: Male/Female, Telephone Number:………………are given for your kind consideration. The list of companies under the ownership of mine along with their bank liability status is given in the following table:

| Serial No. | Name of the company | Main Address | Additional Address | Whether the Company is availing any loan or not | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | Yes | | No |
| | | | | Name of the bank/FC | Name of the branch | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |

Apart from stated above, if any liability in my own name or my company's name is found, I will be bound to obey any decision made by the authority concerned relating to sanctioning/renewal/ rescheduling of the loan applied for and I will be punishable by law for providing this false or fabricated information.

| | |
|---|---|
| Seal and Signature of the bank official who certified the borrower | Customer's Signature:<br>Name:<br>Name of the Borrowing organization: |

**If necessary, extra paper could be used for list of companies.